

ঘন ঘন জিজ্ঞাসাকৃত প্রশ্নাবলী - পিএসিএল লিমিটেডের ব্যাপারে

পশ্চাৎপট:

1. পিএসিএল লিমিটেড, পিএসিএল দাবী করেছে যে, তারা বিভিন্ন কালেক্টিভ ইনভেস্টমেন্ট স্কীম (সিআইএস) থেকে মোট 49,000 কোটি (প্রায়) টাকা তুলেছে/সংগ্রহ করেছে। সেবি-এর 22শে আগস্ট, 2014 তারিখের নির্দেশে, পিএসিএল-এর স্কিমগুলিকে সিআইএস ধরনের বলে চিহ্নিত করেছে এবং তারা যে অর্থ সংগ্রহ করেছে তা তিন মাসের সময়কালের মধ্যে অফারের শর্ত অনুযায়ী এর গ্রাহকদেরকে সুদ সহ ফিরিয়ে দেওয়ার নির্দেশ দিয়েছে।
2. পিএসিএল-এর প্রমোটার/ডিরেক্টররা মাননীয় সিকিউরিটিজ অ্যাপেলেট ট্রাইবুন্যাল (এসএটি)-এর কাছে অ্যাপীল বা পুনর্বিবেচনার আবেদন করে, যা খারিজ হয় এবং সেবি-র রায়টিই বহাল থাকে। 14ই আগস্ট, 2015 তারিখের রায়ে খারিজ হওয়ার পর, তারা এসএটি-র রায়কে খারিজ করার জন্য মাননীয় সূপ্রীম কোর্টে অ্যাপীল করার পথ বেছে নেয়।
3. মাননীয় সূপ্রীম কোর্ট, পিএসিএল লিমিটেড বনাম সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (সিভিল অ্যাপীল নং. 13394/2015)-এর মামলা এবং এই সংক্রান্ত অন্যান্য সমস্ত মামলার ক্ষেত্রে 02 ফেব্রুয়ারী, 2016 তারিখে প্রদানকৃত এর রায়ের বলে, মাননীয় বিচারক (অবসরপ্রাপ্ত) আর.এম.লোধা (ভারতের পূর্বতন প্রধান বিচারক)-কে চেয়ারম্যান করে একটি কমিটি গঠন করে এবং কমিটিটিকে পিএসিএল-এর টাইটেল ডীড অধিকার করা ও পিএসিএল-এর গ্রাহকদেরকে অর্থ ফেরত দেওয়ার জন্য এর সম্পত্তিগুলি বিক্রি করার অধিকার প্রদান করে।
4. এই অনুসারে, এই কমিটিটি সিবিআই-এর কাছ থেকে সম্পত্তিগুলির কাগজপত্র সংগ্রহের প্রক্রিয়াটিতে রয়েছে, যাতে পিএসিএললিমিটেডের বিভিন্ন স্কীমে বিনিয়োগকারী পিএসিএল-এর গ্রাহকদের সত্যতা যাচাইয়ের পর তাদেরকে তাদের অর্থ ফেরত দেওয়ার জন্য এই সম্পত্তিগুলির বিক্রির প্রক্রিয়া শুরু করা যায়। ইতিমধ্যে পিএসিএল-এর গ্রাহকদেরকে পাবলিক নোটিশের মাধ্যমে জানানো ও পরামর্শ প্রদান করা হয়েছে যে,
 - (i) এই ব্যাপারে কমিটির পরবর্তী নির্দেশ পাওয়া পর্যন্ত পিএসিএল লিমিটেড বা অন্য কোন ব্যক্তির সাথে যাতে পিএসিএল লিমিটেডের স্কীমগুলিতে বিনিয়োগের অংশ না হয়/সেগুলির রেকর্ড/কাগজপত্রগুলি ভাগ করে না নেওয়া হয়; এবং
 - (ii) কোন নতুন বিনিয়োগ না করা বা ইনস্টলমেন্টের অর্থ হিসেবে কোন অর্থপ্রদান না করা বা অন্য কোন ভাবে পিএসিএল লিমিটেড বা এর অফিসার/এজেন্ট ইত্যাদিদের কাছে অর্থপ্রদান না করা হয়।

1. আমি পিএসিএল-এর একজন গ্রাহক। আমার কি করা উচিত?

উত্তর: 05.03.2016 তারিখের নোটিশ অনুযায়ী, পিএসিএল-এর গ্রাহকদের সতর্ক করা হয়েছে যে, তারা যাতে আসল কাগজপত্রগুলি নিজের কাছে রাখেন। কমিটি গ্রাহকদের কাছে দাবী পেশ করার জন্য নির্দিষ্ট নির্দেশ পাঠালে এগুলিকে গঠিত কমিটি বা নির্ধারিত কর্তৃপক্ষের কাছে প্রদান করা যেতে পারে।

অর্থ ফেরতের দাবী জানানোর জন্য আসল কাগজপত্র জমা দেওয়া বাধ্যতামূলক, সেগুলি ছাড়া কোন অর্থ ফেরতের দাবীকে আমল দেওয়া হবে না।

2. আমার অর্থ ফেরতের আবেদন কোথায় পাঠানো উচিত?

উত্তর. সেবি/কমিটি বিজ্ঞাপন/পাবলিক নোটিশ ইত্যাদির মাধ্যমে পিএসিএল-এর গ্রাহকদের কাছ থেকে অর্থ ফেরতের দাবী/গুলি জমা দেওয়ার জন্য জানাবে। এই বিজ্ঞাপন/পাবলিক নোটিশ প্রদানের আগে, গ্রাহকদেরকে পরামর্শ দেওয়া হচ্ছে যে, তারা যাতে আসল কাগজপত্রগুলি নিজের কাছে রাখেন এবং সেগুলি অন্য কোন ব্যক্তি, এজেন্ট ইত্যাদির কাছে ভাগ করে নেওয়া, স্থানান্তর বা হস্তান্তর না করেন।

3. আমার কোথায় ও কখন অর্থ ফেরতের আবেদনপত্র পাঠানো উচিত?

উত্তর: পিএসিএল-এর গ্রাহকদেরকে পরামর্শ দেওয়া হচ্ছে যে, নির্দিষ্ট জানান পাওয়ার পরেই, বিজ্ঞাপন/পাবলিক নোটিশে উল্লিখিত/নির্দিষ্টকৃত ঠিকানায়/কর্তৃপক্ষের কাছে অর্থ ফেরতের আবেদনপত্র (এএফআর) ও তার সাথে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রগুলি পাঠাতে হবে।

4. সেবি কবে পিএসিএল লিমিটেডের গ্রাহকদের কাছ থেকে অর্থের দাবীগুলি চাইবে?

উত্তর: পিএসিএল-এর সম্পত্তিগুলি বিক্রি করা হয়ে গেলে এবং পর্যাপ্ত পরিমাণ অর্থ উপলব্ধ হলে অর্থ ফেরতের উদ্দেশ্যে পিএসিএল-এর গ্রাহকদের কাছ থেকে দাবীগুলি চাওয়া হবে। কমিটিটি গ্রাহকদেরকে কমিটির নির্দিষ্ট ফরম্যাটে অর্থ ফেরতের আবেদন করার জন্য আমন্ত্রণ জানাবে।

5. আমার স্কীমের ম্যাচুইরিটি বা মেয়াদ উত্তীর্ণের তারিখ ইতিমধ্যেই পার হয়ে গিয়েছে এবং পিএসিএল-এর এজেন্টরা আমাকে আমার বিনিয়োগকৃত অর্থের জন্য বিকল্প উপকরণ/স্কীম প্রদানে রাজী আছেন, অনুগ্রহ করে, আমাকে পরামর্শ দিন যে, কি করতে হবে?

উত্তর: আসল কাগজপত্রগুলি নিজের কাছে রেখে দেওয়া এবং চাওয়া হলে অর্থ ফেরতের জন্য সেগুলি জমা দেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে। আরো পরামর্শ দেওয়া হচ্ছে যে, পিএসিএল ও তাদের এজেন্ট সহ কোন ব্যক্তির চাপে পড়ে গ্রাহকরা যাতে বর্তমান বিনিয়োগগুলিকে তাদের অন্য কোন স্কীমে (যদি থেকে থাকে) রূপান্তরিত বা পরিবর্তিত না করেন। মাননীয় সুপ্রীম কোর্ট এই কমিটিকে পিএসিএল-এর সম্পত্তিগুলি বিক্রি করে পিএসিএল-এর প্রকৃত গ্রাহকদেরকে অর্থ ফেরত দেওয়ার দায়িত্বভার অর্পণ করেছে। কোন ব্যক্তি এই নির্দেশ লঙ্ঘনের কোন চেষ্টা করলে সেটিকে মাননীয় সুপ্রীম কোর্টের রায়ের লঙ্ঘন হিসেবে বিবেচনা করা হবে এবং সেজন্য তা না করার পরামর্শ দেওয়া হচ্ছে।

6. ইতিমধ্যে আমার কি করা উচিত?

উত্তর: আপনি সেবি/কমিটির প্রদানকৃত প্রেস রিলিজ/বিজ্ঞাপনের জন্য সংবাদপত্রের উপর নজর রাখতে পারেন। আপনি সেবি ওয়েবসাইট www.sebi.gov.in-এর উপরেও নজর রাখতে পারেন বা এই টোল ফ্রি হেল্পলাইন নম্বর 1800 266 7575 বা 1800 22 7575-এ যোগাযোগ করতে পারেন।